GOUR MAHAVIDYALAYA

UG/6th Sem (H) / 22 (CBCS)

U.G. 6th Semester Examination 2022

BENGALI (Honours)

Paper Code : BNGH - DSE - 4A/4B/4C

Full Marks : 32

Time : Two Hour

Ъ

The figures in the margin indicate full marks. Candidates are required to give their answers in their own words as far as practicable.

যে কোনও **একটি** গুচ্ছের সব প্রশ্নের উত্তর দাও।

গুচ্ছ - ক

(বাংলাদেশের উপন্যাস ও ছোটগল্প)

১। 'চিলেকোঠার সেপাই' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।

অথবা

'চিলেকোঠার সেপাই' উপন্যাসের ওসমান চরিত্রটির বিশেষত্ব আলোচনা করো। ৮০০০ ৮

২। 'চিলেকোঠার সেপাই' উপন্যাসটিকে রাজনৈতিক উপন্যাস বলা যায় কি না সে সম্পর্কে যুক্তিসহ তোমার মতামত দাও।

অথবা

'চিলেকোঠার সেপাই' উপন্যাসের প্রধান দুটি নারী চরিত্র অবলম্বনে নারী চরিত্র নির্মাণে ঔপন্যাসিকের কৃতিত্ব বিচার করো।

 ৩। প্রকৃতির রোষ শুধু চরবিলাপীকেই তছনছ করে নি, সেই সঙ্গে গুঁড়িয়ে দিয়েছে জব্বুইরার 'দুর্দান্ত পুরুষ হৃদয় 'কে। সেলিনা হোসেনের 'ছায়াসূর্য' গল্প অবলম্বনে বিষয়টি ব্যাখ্যা করো।

অথবা

হুমায়ূন আহমেদের 'অচিন বৃক্ষ' গল্পটিতে কুসংস্কারকে আবৃত করে মহীয়ান হয়ে উঠেছে প্রেম। মন্তব্যটি বিচার করো।

৪। সেলিনা হোসেন 'মানুষটি' গল্পের মূল চরিত্রের কোনো নাম না দিয়ে বোঝাতে চেয়েছেন সব মানুষের মধ্যেই তার বীজ উপ্ত রয়েছে। গল্পের চরিত্রটি বিশ্লেষণ করে এ বিষয়ে তোমার মতামত দাও।

অথবা

'যন্ত্র মানুযের জীবনে স্বাচ্ছন্দ্য এনে দিতে পারে, কিন্তু আনন্দময় জীবন গড়ে দিতে পারে না।' হুমায়ূন আহমেদের 'যন্ত্র' গল্পটি অবলম্বনে মন্তব্যটি আলোচনা করো।

[P.T.O.]

(2)

গুচ্ছ - খ

(রবীন্দ্রনাথ ঠাকুরের প্রবন্ধ)

১। শিক্ষার হেরফের' প্রবন্ধটির মূল বক্তব্যটি স্পষ্ট করো। এই বক্তব্যের প্রাসঙ্গিকতা এখনো রয়েছে কিনা, তা সংক্ষেপে লেখো।

অথবা

'শিক্ষা সমস্যা' প্রবন্ধে রবীন্দ্রনাথ ঠাকুর আধুনিক শিক্ষা ব্যবস্থার যে সমস্যাগুলি তুলে ধরেছেন তা ব্যাখ্যা করো।

২। 'স্ত্রী শিক্ষা' প্রবন্ধে রবীন্দ্রনাথ ঠাকুর স্ত্রী শিক্ষা প্রসঙ্গে যে মতামত দিয়েছেন তা বিস্তারিত আলোচনা করো। ৮

অথবা

''আধুনিক শিক্ষা তার বাহন পায় নাই।'' — শিক্ষার বাহন' প্রবন্ধে শিক্ষার সর্বজনীনতা প্রসঙ্গে রবীন্দ্রনাথ ঠাকুর যে যুক্তি দেখিয়েছেন তা ব্যক্ত করো।

৩। 'সাহিত্যের তাৎপর্য' প্রবন্ধের অনুসরণে সাহিত্য সম্বন্ধে রবীন্দ্রনাথের ধারণার পরিচয় দাও। ৮

অথবা

'রসের মধ্যে একটা নিত্যতা আছে।' — প্রাবন্ধিকের এই মন্তব্য বাস্তব প্রবন্ধ অবলম্বনে এই বক্তব্যের আলোকে বিশদ করো।

৪। "তথ্য খণ্ডিত, স্বতন্ত্র-সত্যের মধ্যে সে আপন বৃহৎ ঐক্যকে প্রকাশ করে।" — তথ্য কীভাবে সাহিত্যে শেষ পর্যন্ত সত্যে পর্যবসিত হয়, তা রবীন্দ্রনাথ ঠাকুরের 'তথ্য ও সত্য' প্রবন্ধ অবলম্বনে বুঝিয়ে দাও।

অথবা

রবীন্দ্রনাথ ঠাকুর 'নববর্ষা' প্রবন্ধে 'মেঘদূত' কাব্যের প্রসঙ্গ এনেছেন। বর্ষার অভ্যস্ত পরিচিত রূপের বাইরে যে নতুন রূপ তাতে উদ্যাটিত, তা সংক্ষেপে আলোচনা করো।

(3)

গুচ্ছ - গ

(কাব্যনাট্য)

১। 'চিত্রাঙ্গদা' নাটকে প্রতিফলিত রবীন্দ্রনাথের প্রেম সম্পর্কিত ধ্যান ধারণার পরিচয় দাও।	Ъ
অথবা	
কাব্যনাট্য 'চিত্রাঙ্গদা'র কোরাস রীতির ভূমিকা সম্পর্কে আলোচনা করো।	৮
২। ''আমি চিত্রাঙ্গদা,	
দেবী নহি, নহি আমি সামান্যা রমণী।"	
কীভাবে চিত্রাঙ্গদা এই বোধে এসে পৌঁছেছে, চরিত্রটি বিশ্লেষণ করে বুঝিয়ে দাও।	ዮ
অথবা	
'চিত্রাঙ্গদা' নাটকের অর্জুন চরিত্রের গুরুত্ব বিশ্লেষণ করো।	ዮ
৩। বুদ্ধদেব বসু'র 'তপস্বী ও তরঙ্গিণী' নাটকে যে পরিমাণ পৌরাণিক উপাদান লক্ষ করা যায়, তাতে নাট	কটিকে
পৌরাণিক নাটক বলে আখ্যাত করা যায় কিনা — এ বিষয়ে মতামত দাও।	ዮ
অথবা	
'তপস্বী ও তরঙ্গিণী' নাটকের নায়ক-নায়িকার প্রথমে দেহগত আকর্ষণ কীভাবে নানা স্তর অতিক্রম করে	প্রেমের
মধ্যে দিয়ে তাদের মুক্তি ঘটালো তা বিশ্লেষণ করে দেখাও।	୪
৪। 'তপস্বী ও তরঙ্গিণী' নাটকে লোলাপাঙ্গী চরিত্রটি বিশ্লেষণ করে এই নাটকে তার অবতারণার প্রাস	ঙ্গিকতা
বিচার করো।	৮
জাহানা	

অথবা

'তপস্বী ও তরঙ্গিণী' নাটকের গৌণ চরিত্রগুলি নাটকটিকে কতটা সাফল্য দান করেছে, সেই বিষয়ে মতামত দাও।